গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২৪.০২.০০৫.২০২৫-১৫৭০ তারিখঃ ১৪ আশ্বিন, ১৪৩২ / ২৯ সেপ্টেম্বর, ২০২৫

বিষয়ঃ কারা অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কারারক্ষী/মহিলা কারারক্ষী হতে প্রধান কারারক্ষী পর্যন্ত কর্মচারীদের বদলি প্রথা সারাদেশ ব্যাপী উন্মুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা-১ শাখা, ঢাকার পত্র নং-৫৮.০০.০০০০.০৮৪.১৯.০০২.২২.৫৫১, তারিখ- ১৮, ডিসেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি কোটা ব্যবস্থার পরিবর্তনের প্রেক্ষিতে চাকরিতে যোগদানের ক্ষেত্রে যে কোন জেলা থেকে যোগদানের সুবিধা উন্মুক্ত হয়েছে যা ২০২৫ সালের কারারক্ষী ও মহিলা কারারক্ষী নিয়োগে প্রমানিত। এই ব্যবস্থার ফলে নিজ বিভাগে চাকরির সুবিধা বহাল রাখার ক্ষেত্রে গার্ডিং স্টাফদের সংখ্যা একটি নির্দিষ্ট বিভাগে যেমন অতিরিক্ত হয়ে যাবে অন্যদিকে অন্য বিভাগে গার্ডিং স্টাফের সংখ্যা অপ্রতুল থাকবে। কিন্তু কারাগারের অনুমোদিত পদ অনুযায়ী পদায়ন করা হবে বিধায় নিজ বিভাগে চাকরি করার সুযোগ সীমিত হয়ে যাচ্ছে। এ প্রেক্ষাপটে **সূত্রস্থ স্মারকের মাধ্যমে প্রচারিত নীতিমালা কঠোরভাবে প্রতিপালনের মাধ্যমে উদ্ভুত সমস্যা নিরসণ করতে হবে।**

সূত্রস্থ নীতিমালা অনুসরণে সকলকে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো;

ক. পিআরএল এর কারণে বদলী ব্যতিত নিজ জেলায় কর্মরত কর্মচারীদের আগামী ১৫.১১.২০২৫ তারিখের মধ্যে বদলীর আদেশ জারীকরণ এবং ৩১.১২.২০২৫ তারিখের মধ্যে বদলীর আদেশ কার্যকর করা। উল্লেখ্য এই বদলীর আদেশে মন্তব্য কলামে "নিজ জেলা হতে স্থানান্তর" বিষয়টি উল্লেখ করতে হবে।

খ. একই বিভাগে ছয় বছরের বেশি কর্মরত কর্মচারীদের বদলী সমন্বয় এর জন্য পিআরএল এর উদ্দেশ্য ব্যতীত নিজ বিভাগ/একই বিভাগে ছয় বছরের উর্দ্ধে কর্মরত কর্মচারীদের তালিকা আগামী ৩০.১০.২০২৫ তারিখের মধ্যে কারা অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

গ. কারা উপ-মহাপরিদর্শক কর্তৃক বদলীর আদেশের অনুলিপি নীতিমালা অনুযায়ী কারা অধিদপ্তরের প্রেরণের নির্দেশনা থাকলেও তা প্রেরণ করা হচ্ছে না। যা মোটেই কাম্য নয়। নীতিমালা অনুযায়ী **কারা উপ-মহাপরিদর্শক কর্তৃক বদলীর আদেশের অনুলিপি কারা অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।**

এছাড়াও সূত্রস্থ নীতিমালাটি বারংবার রোলকলে পড়ানোর মাধ্যমে কারারক্ষীদের সচেতনতা বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো।

২৯/৯/২৫
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০২২২ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী/কারা কমপ্লেক্স, কাশিমপুর, গাজীপুর।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরণ ঃ

১। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টিলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন ও অর্থ/অপারেশন ও প্রশিক্ষণ/বন্দী ব্যবস্থাপনা) /কারা উপ-মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী, মহোদয়গণের সদয় অবগতির জন্য।
৬। অফিস কপি।

F/shamim es-2/সকল চিঠি-২৫/বিবিধ-২৫/সার্কুলার